সাপ্তাহিক পুস্তিকা: ৪২০
WEEKLY BOOKLET: 420

দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজে কর্মরত
ইসলামী ভাই ও বোনদের জন্য

# আমীরে আহলে সুন্নাতের
# দোয়া

ফজরের নামাযের জন্য জাগানো
তাফসীর শুনা, শুনানোর হালকা
দরস
প্রাপ্ত বয়স্কদের মাদরাসাতুল মদীনা
সাপ্তাহিক ইজতিমা
সাপ্তাহিক মাদানী মুযাকারা
এলাকায় দাওরা
আল্লাহর রাস্তায় এক দিন
সাপ্তাহিক পুস্তিকা পাঠ
নেক আমল
কাফেলা
মাদানী কোর্স
ঘর দরস
প্রাপ্ত বয়স্কদের মাদরাসাতুল মদীনা
সাপ্তাহিক ইজতিমা
এলাকায় দাওরা
মাদানী মুযাকারা
পুস্তিকা পাঠ
নেক আমল
মাদানী কোর্স

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَاتَمِ النَّبِيّٖنَ ط

**জানেশীনে আমীর আহলে সুন্নাতের দোয়া:** ইয়া আল্লাহ পাক! যে কেউ "আমীরে আহলে সুন্নাতের দোয়া" এই পুস্তিকাটি পাঠ করে নিবে, তাকে তোমার প্রিয় হাবীব صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর দ্বীনের খেদমত করার সুযোগ দাও এবং তার শেষ পরিণতি ঈমানের সাথে নসীব করে তাকে মা-বাবা ও পরিবারসহ বিনা-হিসাবে ক্ষমা করে দাও। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## দুরুদ শরীফের ফযিলত

সর্বশেষ নবী صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "যে আমার উপর একবার দুরুদ শরীফ পড়ে, আল্লাহ পাক তার উপর দশটি রহমত অবতীর্ণ করেন। আর যে আমার উপর দশবার দুরুদ শরীফ পড়ে, আল্লাহ পাক তার উপর একশটি রহমত অবতীর্ণ করেন। আর যে আমার উপর একশবার দুরুদ শরীফ পড়ে, আল্লাহ পাক তার দুই চোখের মাঝখানে লিখে দেন যে, সে মুনাফিকী ও জাহান্নামের আগুন থেকে মুক্ত এবং কিয়ামতের দিন তাকে শহীদদের সাথে রাখবেন।" **(মু'জামুল আওসাত, ৫/২৫২, হাদীস: ২৭৩৫)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب! صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

## প্রথমে এটি পড়ুন

আল্লাহ পাকের রহমত এবং তাঁর প্রিয় ও শেষ নবী, মাক্কী মাদানী, মুহাম্মদে আরবী صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর সুদৃষ্টিতে আশিকানে রাসূলের সুন্নাতে ভরা দ্বীনি সংগঠন "দা'ওয়াতে ইসলামী" বিশ্বের অনেক দেশে কুরআন ও



www.dawateislami.net

সুন্নাতের বার্তা প্রচারে ব্যস্ত রয়েছে। اَلْحَمْدُ لِلّٰه ১৯৮১ সালে শুরু হওয়া দা'ওয়াতে ইসলামীর নেকীর দা'ওয়াত দ্বারা হাজার হাজার অমুসলিম 'মুসলমান' হয়েছেন এবং লক্ষ লক্ষ মুসলমান নেকীর পথে চলতে শুরু করেছেন। اَلْحَمْدُ لِلّٰه দা'ওয়াতে ইসলামীর লক্ষ লক্ষ যিম্মাদার ইসলামী ভাই ও ইসলামী বোনেরা দেশ-বিদেশে নেকীর দা'ওয়াতের সাড়া জাগাচ্ছেন, হযরত বিবি ফাতেমাতুয যাহরা رَضِیَ اللهُ عَنْهَا এর সত্যিকারের দাসীরা পর্দায় থেকে সুন্নাতের বার্তা প্রচার করছেন। যার বরকতে নেককার বানানোর আওয়াজ মসজিদ ও মাদরাসা থেকে উচ্চারিত হয়ে অলি-গলিতে, শহরগুলোতে এবং অনেক দেশে পৌঁছে যাচ্ছে। وَلِلّٰهِ الْحَمْد (অর্থাৎ সকল প্রশংসা আল্লাহরই জন্য)

প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর উম্মতের এই নিঃস্বার্থ খেদমত এবং মহান নেকীর দাওয়াতের কাজের কৃতিত্ব দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা মুহাম্মাদ ইলইয়াস আত্তার ক্বাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর উপর বর্তায়, যাকে বিশ্ববাসী "আমীরে আহলে সুন্নাত" বলে ডাকে। তিনি খোদাভীরু একনিষ্ঠ আশেকে রাসূল। তাঁর পবিত্র চরিত্র দ্বারা বুযুর্গানে দ্বীন رَحِمَهُمُ اللهُ عَلَيْهِمْ اَجْمَعِيْن দের স্মৃতি সতেজ হয়। তাঁর বরকতময় সত্তা আমাদের জন্য এক মহা নেয়ামত। আমরা আল্লাহ পাকের এই নেয়ামতের উপর কৃতজ্ঞতা আদায় করে দোয়া করি যে, আল্লাহ পাক তাঁর কল্যাণময় ও নিরাপত্তার ছায়া বিশ্ব মুসলিমের উপর বিদ্যমান রাখুক এবং আমাদেরকে তাঁর ফয়েয দ্বারা পরিপূর্ণ করুক।

اٰمين بِجَاهِ خَاتَمِ النَّبِيّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم



www.dawateislami.net

আন্তর্জাতিক পর্যায়ে এমন বড় দ্বীনি কাজে যেখানে আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দিন-রাতের নিবেদিত পরিশ্রম এবং নেকীর দাওয়াত ভিত্তিক সফরে দেশ-বিদেশের শত শত বরং হাজার হাজার স্থানে সুন্নাতে ভরা বয়ানের বরকত অন্তর্ভুক্ত, সেখানেই তাঁর মাদানী চিন্তাভাবনা অনুযায়ী "দ্বীনি কাজ" ব্যবস্থারও একটি বড় অংশ রয়েছে। আমীরে আহলে সুন্নাত দা'ওয়াতে ইসলামীর সাথে জড়িত প্রত্যেক ইসলামী ভাই ও ইসলামী বোনকে এই মাদানী উদ্দেশ্য প্রদান করেছেন যে, "আমাকে নিজের এবং সারা দুনিয়ার মানুষের সংশোধন করার চেষ্টা করতে হবে।" ইসলামী ভাইদের মধ্যে নেকীর দাওয়াত প্রসার করা, তাদেরকে গুনাহ থেকে বাঁচানো এবং সুন্নাতের জীবন্ত প্রতিচ্ছবি বানানোর জন্য দা'ওয়াতে ইসলামীর যিম্মাদারদেরকে ১২টি দ্বীনি কাজ এবং খাতুনে জান্নাত, শাহজাদীয়ে কওনাইন হযরত বিবি ফাতেমাতুয যাহরা رَضِیَ اللهُ عَنْهَا এর সত্যিকারের দাসী বানানোর জন্য ইসলামী বোনদেরকে ৮টি দ্বীনি কাজের উপহার দেওয়া হয়েছে।

এই "দ্বীনি কাজ" যে মহল্লা, এলাকা ও শহর (ওয়ার্ড, ইউসি, টাউন ও ডিস্ট্রিক্ট)-এ নিয়মিত হবে, তাহলে আল্লাহর রহমতে এমন হবে যে, সেখানকার অলি-গলির প্রত্যেক শিশু পাক্কা নামাযী এবং সত্যিকারের আশিকে রাসূল হয়ে যাবে এবং সেখানকার মসজিদগুলো নামাযীদের দ্বারা আবাদ হয়ে যাবে। ইসলামী বোনেরাও তাদের সাংগঠনিক পদ্ধতি অনুযায়ী এই দ্বীনি কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করলে আমাদের সমাজ থেকে বেপর্দা প্রথার অবসান ঘটবে, মায়ের কোলে পালিত ছোট ছোট শিশুরা আশিকে রাসূলের অফুরন্ত সম্পদে সমৃদ্ধ হয়ে বেড়ে উঠবে এবং প্রিয় আক্বা

صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর প্রিয় উম্মতের সংশোধনের জন্য এইরকম সুন্নাত অনুযায়ী জীবনযাপন করবে যে, তাদের চরিত্র দেখে অমুসলিমদের অন্তরেও ঈমানের আলো জ্বলে উঠবে এবং আমরা নিজেদের চোখে আমীরে আহলে সুন্নাতের দেওয়া মাদানী উদ্দেশ্য "আমাকে নিজের এবং সারা দুনিয়ার মানুষের সংশোধন করার চেষ্টা করতে হবে" এর প্রকৃত ফল দেখতে পাবো।

আল্লাহ পাক আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه কে নেকীর দাওয়াতের এক মহান আবেগ দান করেছেন, তিনি নেকীর দাওয়াত প্রসার হওয়াতে খুশি হন এবং গুনাহে ভরা বিষয়াবলী থেকে বিমুখ থাকেন। তিনি কখনো উপহার প্রদান করে আবার কখনো হোয়াটসঅ্যাপের মাধ্যমে অডিও বা ভিডিও বার্তার মাধ্যমে সুন্দর সুন্দর দোয়া দিয়ে নিজের মন জয় করা মনোরম ভঙ্গিতে নেকীর দাওয়াতের কাজে দাওয়াতে ইসলামীর যিম্মাদারদের উৎসাহিত করেন ও তাদের মন জয় করেন। আল্লাহ পাক তাকে অসীম জনপ্রিয়তা দান করেছেন। লক্ষ লক্ষ আশিকে রাসূল ইসলামী ভাই ও ইসলামী বোনেরা ১৫শ শতাব্দীর এই ওলীয়ে কামিল আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দোয়ার অংশীদার হওয়ার জন্য নেক আমলের উপর আমল করার চেষ্টা করেন এবং আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَهও এই ফিতনার যুগে ভালোবাসা পোষণকারীদেরকে নেক আমলে ব্যস্ত রাখার জন্য বিভিন্ন সময়ে নেক আমল করার জন্য উৎসাহিত করেন ও দোয়া দিয়ে থাকেন। মাদানী চ্যানেল ইত্যাদিতে আমীরে আহলে সুন্নাতের দোয়াগুলোর অনেক মাদানী বাহার মাঝে মাঝে বর্ণনা করা হয়। একবার এক আশিকে রাসূল বর্ণনা করলেন যে, আমীরে আহলে সুন্নাত


www.dawateislami.net

دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه থেকে মদীনার হাজীরীর দোয়া নেওয়ার নিয়তে আমি অমুক কাজ করেছিলাম, তখন আল্লাহ পাক আমাকে মদীনা দেখিয়ে দিলেন।

আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর পক্ষ থেকে ১২টি দ্বীনি কাজ করা আশিকানে রাসূল ইসলামী ভাইদের এবং ৮টি দ্বীনি কাজ করা ইসলামী বোনদেরকে লিখিতভাবে দেওয়া দোয়াগুলোকে একত্র করে এই পুস্তিকাটি "আমীরে আহলে সুন্নাতের দোয়াসমূহ" নামে উপস্থাপন করা হচ্ছে। পুস্তিকার শেষে আরও কিছু নেক কাজ নিয়ে চলমান দোয়াগুলোও অন্তর্ভুক্ত করা হয়েছে, যাতে এই পুস্তিকাটি "আমীরে আহলে সুন্নাতের দোয়া" এর একটি সমষ্টি হয়ে যায়।

দ্বীনি কাজের প্রেরণা পোষণকারী সৌভাগ্যবান দাওয়াতে ইসলামীর মুবাল্লিগ ও মুবাল্লিগাদের খেদমতে মাদানী আবেদন এই যে, এই পুস্তিকাটি অত্যন্ত মূল্যবান, কারণ আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দোয়ার বরকতে দ্বীনি কাজের প্রতি আগ্রহ সৃষ্টি করা, কার্যকারিতা বৃদ্ধি করা এবং নেকীর দাওয়াতের সাড়া জাগানো কিছুটা সহজ হয়ে যায়। অতএব এই পুস্তিকাটি ব্যাপকভাবে প্রচার করুন এবং আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দোয়া থেকে অংশ পাওয়ার জন্য কঠোর চেষ্টা করুন।

আহ! শতকোটি আহ! আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দোয়াভরা এই পুস্তিকার বরকতে ইসলামী ভাই এবং ইসলামী বোনদের মধ্যে দ্বীনি কাজের সাড়া পড়ে যাক এবং শয়তান হাত মালতে থাকে। মসজিদগুলো আবাদ হোক এবং গুনাহের আস্তানাগুলো বিরান হয়ে যাক। ইসলামী পর্দা প্রসার হোক এবং বেপর্দা প্রথা শেষ হোক। দয়ালু আল্লাহ



www.dawateislami.net

এই পুস্তিকার উপর কাজ করা সমস্ত ইসলামী ভাই এবং ইসলামী বোনদের প্রচেষ্টাকে কবুল করো এবং এটি আমাদের ও আমাদের পিতামাতা, শিক্ষক মণ্ডলী, পীর ও মুরশিদ এবং সন্তানদের জন্য বিনা হিসেবে ক্ষমার মাধ্যম বানিয়ে দাও। আল্লাহ পাক এই পুস্তিকাটিকে ব্যাপক গ্রহণযোগ্যতা দান করো এবং আমাদের সবাইকে বারবার হজ্জ ও যিয়ারতে মদীনার সৌভাগ্য "চল মদীনা" রূপে নসীব করো। আল্লাহ পাক আমাদেরকে আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর এই শেরের প্রতিচ্ছবি করুন।

کروں بے لَوث خدمت سنّتوں کی شہا گر لطف مجھ پر آپ کا ہو
کرم ہو دعوتِ اسلامی پر یہ شریک اِس میں ہر اِک چھوٹا بڑا ہو

**করুঁ বে লৌস খেদমত সুন্নতোঁ কি,**
**শাহা গর লুতফ মুঝ পর আপ কা হো।**
**করম হো দাওয়াতে ইসলামী পর ইয়ে,**
**শরীক ইস মে হার এক ছোটা বড়া হো।**

**(ওয়াসায়িলে বখশিশ, পৃষ্ঠা ৩২৩)**

اٰمِین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم

وَالسَّلَامُ مَعَ الْاِکْرَامِ
মদীনার বিরহ, জান্নাতুল বাকী ও
বিনা হিসেবে ক্ষমা প্রার্থী
**আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী** عُفِيَ عَنْهُ
১৩ সফর শরীফ ১৪৪৭/
৮ আগস্ট ২০২৫ (জুমু'আতুল মুবারক)

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَاتَمِ النَّبِيّٖنَ ط

اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

# আমীরে আহলে সুন্নাতের দোয়া

## ইসলামী ভাইদের ১২টি দ্বীনি কাজ

### দৈনিক ৪টি দ্বীনি কাজ

১. ফজরের জন্য জাগানো

২. তাফসীর শোনা, শোনানোর হালকা

৩. দরস

৪. প্রাপ্তবয়স্কদের মাদরাসাতুল মাদীনা

### সাপ্তাহিক ৫টি দ্বীনি কাজ

৫. সাপ্তাহিক ইজতিমা

৬. সাপ্তাহিক মাদানী মুযাকারা

৭. এলাকায়ি দাওরা

৮. এক দিন আল্লাহর পথে

৯. সাপ্তাহিক পুস্তিকা অধ্যয়ন

## মাসিক ৩টি দ্বীনি কাজ

১০. নেক আমল

১১. কাফেলা

১২. মাদানী কোর্স

## প্রথম দ্বীনি কাজ: ফজরের জন্য জাগানো

ইয়া রাব্বে মুস্তফা! যে ফজরের নামাযের জন্য অন্যকে জাগাবে, তার ভাগ্য জাগ্রত করে দাও, সে যেন স্বপ্নে তোমার প্রিয় ও শেষ নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর দিদার লাভ করে এবং তার জন্য বিনা হিসেবে ক্ষমা অবধারিত করে দাও। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيِّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوْا عَلَى الْحَبِيْب!　　صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## দ্বিতীয় দ্বীনি কাজ: তাফসীর, শোনা-শোনানোর হালকা

ইয়া রাব্বে মুস্তফা! যে জামাআত সহকারে ফজরের নামায আদায় করে কুরআনে করীমের তাফসীর শোনা-শোনানোর হালকায় অংশগ্রহণ করে ইশরাক ও চাশতের নামায পড়ে যাবে, তাকে বারবার হজ্জ ও মদীনার দিদার নসীব করো এবং তাকে সবুজ গম্বুজের নিচে শাহাদাত, বক্বী শরীফে দাফন এবং জান্নাতুল ফিরদাউসে তোমারর প্রিয় হাবীব (صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم) এর প্রতিবেশীত্ব নসীব করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيِّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوْا عَلَى الْحَبِيْب!　　صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## তৃতীয় দ্বীনি কাজ: দরস

ইয়া আল্লাহ পাক! যে প্রতিদিন কমপক্ষে একটি ফয়জানে সুন্নাতের দরস দিবে বা শুনবে, তার প্রতি সর্বদার জন্য রাজি হয়ে যাও এবং তাকে বিনা হিসেবে ক্ষমা করো। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم

صَلُّوْا عَلَی الْحَبِیْب! صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## চতুর্থ দ্বীনি কাজ: প্রাপ্তবয়স্কদের মাদরাসাতুল মদীনা

ইয়া আল্লাহ! প্রাপ্তবয়স্ক ও প্রাপ্তবয়স্কাদের মাদরাসাতুল মদীনার শিক্ষক এবং শিক্ষার্থীদেরকে পুলসিরাত পলকে পার হওয়ার সৌভাগ্য দান করো। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم

صَلُّوْا عَلَی الْحَبِیْب! صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## পঞ্চম দ্বীনি কাজ: সাপ্তাহিক ইজতিমা

ইয়া রাব্বে মুস্তফা! যে ইসলামী ভাই মাসের প্রথম বৃহস্পতিবারের সাপ্তাহিক সুন্নাতে ভরা ইজতিমায় রাতে ইতিকাফ করবে এবং ইশরাক পর্যন্ত অবস্থান করবে, তাকে তোমারর ইবাদতের আগ্রহ দান করা এবং তাকে বিনা হিসেবে ক্ষমা করো। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم

## ষষ্ঠ দ্বীনি কাজ: সাপ্তাহিক মাদানী মুযাকারা

ইয়া রাব্বে মুস্তফা! যে "মাদানী মুযাকারা" (প্রশ্নোত্তর)-এ প্রতি সপ্তাহে কমপক্ষে এক ঘণ্টা বারো মিনিট অংশগ্রহণ করবে, তার বক্ষকে

দ্বীনের জ্ঞান ভাণ্ডার ও ইশকে রাসূলের মাদীনা বানিয়ে দাও এবং তাকে ও তার মা-বাবাকে বিনা হিসেবে ক্ষমা করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## সপ্তম দ্বীনি কাজ: এলাকায়ি দাওরা

ইয়া রাব্বে মুস্তফা! যে ব্যক্তি প্রতি সপ্তাহে কমপক্ষে একবার "এলাকায়ি দাওরায়" সময়সূচি অনুযায়ী নিয়মিত অংশগ্রহণ করবে, তাকে বিনা হিসেবে ক্ষমা করে জান্নাতুল ফিরদাউসে তোমার মাদানী হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর প্রতিবেশীত্ব নসীব করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## অষ্টম দ্বীনি কাজ: এক দিন আল্লাহর পথে

ইয়া আল্লাহ! যে প্রতি সপ্তাহে সময়সূচি অনুযায়ী "এক দিন আল্লাহর পথে" এতে অংশগ্রহণ করবে, তার প্রতি সর্বদার জন্য রাজি হয়ে যাও এবং তাকে বিনা হিসেবে ক্ষমা করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## নবম দ্বীনি কাজ: সাপ্তাহিক পুস্তিকা অধ্যয়ন

ইয়া রাব্বে মুস্তফা! প্রতি সপ্তাহে যেই পুস্তিকা ঘোষণা করা হয়, তা যে প্রতিবার পড় নিবে বা শুনে নিবে, তাকে দ্বীনি জ্ঞানের অমূল্য ভান্ডার দান করো এবং তার মা-বাবাসহ তাকে বিনা হিসেবে ক্ষমা করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم



www.dawateislami.net

## দশম দ্বীনি কাজ: নেক আমল

ইয়া আল্লাহ! যে "নেক আমল" এর উপর আমল করে প্রতিদিন "পর্যালোচনা করার" মাধ্যমে পুস্তিকা পূরণ করবে এবং প্রতি মাসে তার যিম্মাদারকে জমা দিবে, তাকে সাকরাতের সময় প্রিয় নবী রাসূলে পাক صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর দীদার নসীব করো। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوْا عَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

نَحْمَدُهٗ وَ نُصَلِّىْ وَ نُسَلِّمُ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ ط

## একাদশ দ্বীনি কাজ: কাফেলা

ইয়া রাব্বে মুস্তফা! যে কেউ কমপক্ষে বারো মাস পর্যন্ত প্রতি মাসে তিন দিনের কাফেলায় সফর করবে, তাকে তোমার সত্তা ছাড়া অন্য কারো মুখাপেক্ষী করো না। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

**"যে প্রতি মাসে তিন দিনের কাফেলায় নিয়মিত সফর করে, সে আমার প্রিয়।"**

## দ্বাদশ দ্বীনি কাজ: মাদানী কোর্স

ইয়া রাব্বে করীম! যে প্রতি মাসে কমপক্ষে একটি মাদানী কোর্সে অংশগ্রহণ করবে অথবা কাউকে ভর্তি করাবে, তাকে বারবার হাজী ও মদীনার মুসাফির বানিয়ে দাও এবং তাকে তার মা-বাবাসহ বিনা হিসেবে ক্ষমা করো। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم



www.dawateislami.net

# ইসলামী বোনদের ৮টি দ্বীনি কাজ

## দৈনিক ২টি দ্বীনি কাজ

১. ঘর দরস

২. প্রাপ্তবয়স্কাদের মাদরাসাতুল মদীনা

## সাপ্তাহিক ৪টি দ্বীনি কাজ

৩. সাপ্তাহিক ইজতিমা

৪. এলাকায়ী দাওরা

৫. মাদানী মুযাকারা

৬. পুস্তিকা অধ্যয়ন

## মাসিক ২টি দ্বীনি কাজ

৭. নেক আমল

৮. মাদানী কোর্স

## প্রথম দ্বীনি কাজ: ঘর দরস

হে আল্লাহ পাক! যে ইসলামী বোন প্রতিদিন নিজ ঘরে দরস দেয় বা শোনে, তার ঘরকে শান্তির নীড় বানিয়ে দাও, রিযিকে বরকত দান করো এবং জান্নাতুল ফিরদাউসে বিবি আয়েশা সিদ্দীকা رَضِیَ اللّٰہُ عَنۡہَا এর প্রতিবেশী হওয়ার সৌভাগ্য দান করো। اٰمِین بِجَاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم



www.dawateislami.net

## দ্বিতীয় দ্বীনি কাজ: প্রাপ্তবয়স্কাদের মাদরাসাতুল মদীনা

হে রব্বে করীম! যে ইসলামী বোন প্রাপ্তবয়স্কাদের মাদরাসাতুল মদীনায় পড়ে, পড়ায় অথবা যেকোনোভাবে এতে সহযোগিতা করে, তাকে কুরআনের ফয়যান দ্বারা ধন্য করে দাও, তার সমস্যার সমাধান করে দাও এবং তাকে তার মাতাপিতাসহ বিনা-হিসেবে ক্ষমা করে দাও।

اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

## তৃতীয় দ্বীনি কাজ: সাপ্তাহিক ইজতিমা

ইয়া রাব্বে মুস্তফা! যে ইসলামী বোন প্রতি সপ্তাহে দাওয়াতে ইসলামীর সুন্নাতে ভরা ইজতিমায় অংশগ্রহণ করে, তাকে বিবি রাবেয়া বসরীয়া رَحۡمَۃُ اللہِ عَلَیۡہَا এর ওসিলায় আপন নেককার বান্দী বানিয়ে নাও এবং তাকে বিনা-হিসেবে ক্ষমা করে দাও। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

## চতুর্থ দ্বীনি কাজ: এলাকায়ী দাওরা

ইয়া রাব্বে মুস্তফা! যে ইসলামী বোন প্রতি সপ্তাহে দাওয়াতে ইসলামীর পদ্ধতি অনুযায়ী "এলাকায়ী দাওরা" করে, তাকে সুন্নাতের উত্তম মুবাল্লিগা বানিয়ে দাও, তার পেরেশানি দূর করে দাও এবং তাকে মাতাপিতাসহ বিনা-হিসেবে ক্ষমা করে দাও।

اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّٖن صَلَّی اللہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

## পঞ্চম দ্বীনি কাজ: মাদানী মুযাকারা

ইয়া রাব্বে মুস্তফা! আমার যে মাদানী কন্যা প্রতি সপ্তাহে মাদানী চ্যানেলে শরীয়তের চাহিদা মোতাবেক কমপক্ষে এক ঘন্টা বারো মিনিট



www.dawateislami.net

মাদানী মুযাকারা দেখে বা শোনে, তার ঈমানকে নিরাপদ রাখো এবং তাকে বিনা-হিসেবে ক্ষমা করে দাও। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوْا عَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ষষ্ঠ দ্বীনি কাজ: পুস্তিকা অধ্যয়ন

ইয়া রাব্বে মুস্তফা! আমার যে মাদানী কন্যা প্রতি সপ্তাহে মাদানী চ্যানেল ইত্যাদির মাধ্যমে যে নির্দিষ্ট পুস্তিকার ঘোষণা করা হয়, তা পড়ে বা শুনে নিজের যিম্মাদারের কাছে কার্যবিবরনী জমা করে, তাকে হজ ও মদীনার দিদার দ্বারা ধন্য করো এবং তার মাতাপিতাসহ তাকে বিনা-হিসেবে ক্ষমা করো। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوْا عَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## সপ্তম দ্বীনি কাজ: নেক আমল

হে আল্লাহ! আমার যে মাদানী কন্যা নিজের আমলের পর্যালোচনা করে প্রতিদিন 'নেক আমল' পুস্তিকা পূরণ করে প্রত্যেক মাসের প্রথম তারিখে নিজ যিম্মাদারের কাছে জমা দেয়, তাকে স্বপ্নে শাহজাদীয়ে কাউনাইন হযরত বিবি ফাতেমা رَضِيَ اللهُ عَنْهَا এর নূরানী চেহারা দেখাও এবং জান্নাতুল ফিরদাউসে তাঁর প্রতিবেশী হওয়ার সৌভাগ্য দান করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم



www.dawateislami.net

## অষ্টম দ্বীনি কাজ: মাদানী কোর্স

হে রব্বে করীম! যে ইসলামী বোন জীবনে অন্তত একবার কোনো একজনকে মাদানী কোর্সের জন্য পাঠায় এবং ১২ মাসের মধ্যে এই তিনটি কোর্স: ৭ দিনের আবাসিক 'ফয়যানে নামায' কোর্স, ৭ দিনের আবাসিক '৮টি দ্বীনি কাজ' কোর্স এবং ৭ দিনের আবাসিক 'আমল সংশোধন' কোর্স একসাথে বা একটি একটি করে সম্পন্ন করে, তার ঈমানের উপর দৃঢ়তার মোহর লাগিয়ে দাও এবং তাকে বিনা-হিসেবে ক্ষমা করে দাও।

صَلُّوْا عَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

# বিভিন্ন দ্বীনি কাজের জন্য আমীরে আহলে সুন্নাতের দোয়া

যারা ১২ মাস বা তার চেয়ে বেশি সময়ের জন্য নিজেদের দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজের জন্য ওয়াকফ করে মাদানী মারকাযের আনুগত্যে থেকে কাফেলার সাড়া জাগায়, তাদের প্রতি আমি সন্তুষ্ট। হে আল্লাহ পাক! তুমিও তাদের প্রতি এবং তাদের উসিলায় আমার প্রতি সর্বদা সন্তুষ্ট হয়ে যাও। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

ছোট-বড় প্রত্যেক মজলিসের নিগরান ও সদস্যদের প্রতি তাকিদ রইল যে, তারা যেন ২৬ দিনের কাফেলা কোর্স করে নেয়, যাতে সঠিক পদ্ধতিতে দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজ করতে পারে। কারণ অনভিজ্ঞ ব্যক্তি অন্ধের মতো হয়।



www.dawateislami.net

# বারো মাসের মুসাফিরের জন্য দোয়া

ইয়া রাব্বে মুস্তফা! عَزَّ وَ جَلَّ وَ صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم যে ইসলামী ভাই দাওয়াতে ইসলামীর মাদানী মারকাযের দেওয়া পদ্ধতি অনুযায়ী একবারে ১২ মাস সফরের সৌভাগ্য অর্জন করে, তাকে মৃত্যুকালে কলেমা নসীব করো। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

ইয়া আল্লাহ পাক! যে প্রতি মাসের প্রথম সোমবার "কুফলে মদীনা দিবস" পালন করবে, তাকে বিনা হিসেবে ক্ষমা করে জান্নাতুল ফিরদাউসে মাদানী হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর প্রতিবেশী বানিয়ে দাও।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

দ্রষ্টব্য: "কুফলে মদীনা" দা'ওয়াতে ইসলামীর দ্বীনি পরিবেশে ব্যবহৃত একটি পরিভাষা। কোনো অঙ্গকে গুনাহ ও অনর্থকতা থেকে বাঁচানোকে "কুফল মদীনা" লাগানো বলা হয়। ইসলামী মাসের প্রথম রবিবার সূর্যাস্ত থেকে সোমবার সূর্যাস্ত পর্যন্ত "কুফলে মদীনা দিবস" হয়ে থাকে, যেখানে মাকতাবাতুল মদীনার পুস্তিকা “নিশ্চুপ শাহজাদা" পড়তে হয়।

ইয়া রাব্বে মুস্তফা! عَزَّ وَ جَلَّ وَ صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ফয়যানে মদীনার নির্মাণে শারীরিক, আর্থিক, মৌখিক ও লিখিত অর্থাৎ যেকোনভাবে অংশ নেওয়া ব্যক্তিদেরকে উভয় জাহানের কল্যাণ দ্বারা ধন্য করো।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

ইয়া আল্লাহ! যে ফয়যানে নামাযের (৬০০) পৃষ্ঠা পড়বে বা শুনবে, তাকে এবং তার ভবিষ্যৎ প্রজন্মকে পাক্কা নামাযী বানিয়ে দাও এবং তাদের সকলকে বিনা হিসেবে ক্ষমা করো। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّن صَلَّی اللهُ عَلَیْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## নামায জান্নাতের চাবি।

হে আল্লাহ পাক! যারা প্রতি মাসে তিন দিন, প্রতি বারো মাসে এক মাস এবং সারা জীবনে একবারে ১২ মাসের জন্য তোমার পথে সফর করার আগ্রহ রাখে, তাদেরকে এবং তাদের সদকায় আমাকেও বিনা হিসেবে ক্ষমা করো। اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّن صَلَّی اللهُ عَلَیْهِ وَاٰلِهٖ وَسَلَّم

ইয়া আল্লাহ! "দা'ওয়াতে ইসলামী" এর বিভিন্ন বিভাগে কর্মরত কর্মচারীদের মধ্যে আমার যেই মাদানী ছেলে ও মাদানী মেয়ে টেলিথোনের মাধ্যমে দশ মাস পর্যন্ত প্রতি মাসে এক হাজার টাকা কেটে নিয়ে এক ইউনিট (১০০০০ টাকা) সম্পূর্ণ জমা করানোর ক্ষেত্রে সফল হবে, তাকে মন্দ মৃত্যু থেকে বাঁচাও এবং তাকে বিনা হিসেবে ক্ষমা করো।

اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّن صَلَّی اللهُ عَلَیْهِ وَاٰلِهٖ وَسَلَّم

জান্নাতের বসন্ত উপভোগ করুন। আল্লাহ পাক আপনাকে সর্বদা খুশি রাখুন এবং আপনার বক্ষকে মদীনা বানিয়ে দিন।

اٰمین بِجاہِ خاتَمِ النَّبِیّن صَلَّی اللهُ عَلَیْهِ وَاٰلِهٖ وَسَلَّم

হে আল্লাহ পাক! প্রত্যেক ওয়াকফে দাওয়াতে ইসলামী আমার। তুমিও তাদেরকে নিজের করে নাও। ইয়া রাসূলাল্লাহ صَلَّی اللهُ عَلَیْهِ وَاٰلِهٖ وَسَلَّم আপনিও তাদেরকে নিজের করে নিন।

আমার হৃদয়ের শাহজাদারা! সুন্নাতের খেদমতের ব্যাপারে কখনো অলস হয়ো না। লক্ষ ঝড় আসলেও সর্বদা সীসাঢালা প্রাচীরের মতো থেকো। দুঃখের স্রোতেও اِنْ شَآءَ الله সুখের বসন্ত মিলবে। বাহ্যিকভাবে আমি আপনাদের সাথে সাক্ষাৎ করি বা না করি, কিন্তু আপনারা এই মনমানসিকতা রাখবেন যে, আপনারা ক্বলবে আত্তার (আত্তারের হৃদয়ের) স্পন্দনে বাস করেন। আমাকে মদীনার দোয়া দ্বারা ধন্য করতে থাকবেন। পরিবারের সকলকে আমার মাদানী সালাম।

وَالسَّلَامُ مَعَ الْإِكْرَامِ

ফয়যানে মদীনা

তারিখ: ২৭-৪-৯৬

যুলহিজ্জাতুল হারাম


# সূচীপত্র

জানেশীনে আমীর আহলে সুন্নাতের দোয়া: ..........১
দুরুদ শরীফের ফযিলত..........১
প্রথমে এটি পড়ুন..........১
ইসলামী ভাইদের ১২টি দ্বীনি কাজ..........৭
দৈনিক ৪টি দ্বীনি কাজ ..........৭
সাপ্তাহিক ৫টি দ্বীনি কাজ..........৭
মাসিক ৩টি দ্বীনি কাজ ..........৮
প্রথম দ্বীনি কাজ: ফজরের জন্য জাগানো..........৮
দ্বিতীয় দ্বীনি কাজ: তাফসীর, শোনা-শোনানোর হালকা ..........৮
তৃতীয় দ্বীনি কাজ: দরস ..........৯
চতুর্থ দ্বীনি কাজ: প্রাপ্তবয়স্কদের মাদরাসাতুল মদীনা ..........৯
পঞ্চম দ্বীনি কাজ: সাপ্তাহিক ইজতিমা ..........৯
ষষ্ঠ দ্বীনি কাজ: সাপ্তাহিক মাদানী মুযাকারা ..........৯
সপ্তম দ্বীনি কাজ: এলাকায়ি দাওরা..........১০
অষ্টম দ্বীনি কাজ: এক দিন আল্লাহর পথে ..........১০
নবম দ্বীনি কাজ: সাপ্তাহিক পুস্তিকা অধ্যয়ন ..........১০
দশম দ্বীনি কাজ: নেক আমল..........১১
একাদশ দ্বীনি কাজ: কাফেলা..........১১
দ্বাদশ দ্বীনি কাজ: মাদানী কোর্স ..........১১
ইসলামী বোনদের ৮টি দ্বীনি কাজ..........১২
দৈনিক ২টি দ্বীনি কাজ ..........১২
সাপ্তাহিক ৪টি দ্বীনি কাজ..........১২
মাসিক ২টি দ্বীনি কাজ ..........১২
প্রথম দ্বীনি কাজ: ঘর দরস..........১২
দ্বিতীয় দ্বীনি কাজ: প্রাপ্তবয়স্কাদের মাদরাসাতুল মদীনা..........১৩
তৃতীয় দ্বীনি কাজ: সাপ্তাহিক ইজতিমা..........১৩
চতুর্থ দ্বীনি কাজ: এলাকায়ী দাওরা..........১৩
পঞ্চম দ্বীনি কাজ: মাদানী মুযাকারা..........১৩
ষষ্ঠ দ্বীনি কাজ: পুস্তিকা অধ্যয়ন ..........১৪
সপ্তম দ্বীনি কাজ: নেক আমল..........১৪
অষ্টম দ্বীনি কাজ: মাদানী কোর্স..........১৫
বিভিন্ন দ্বীনি কাজের জন্য আমীরে আহলে সুন্নাতের দোয়া..........১৫
বারো মাসের মুসাফিরের জন্য দোয়া..........১৬
নামায জান্নাতের চাবি। ..........১৭



www.dawateislami.net

# আগামী সপ্তাহের পুস্তিকা





## মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭৬৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাত্তাহ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৫৫৪০৫৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৬৫৭৮১৩২৬

পুরাতন বাবুপাড়া ফয়যানে শাহজালাল মসজিদ নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল: ০১৮৭১৮৪৫০৩৪

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net